

RF



২০২১ সালের পদ্মনাথ বিদ্যাবিনোদ স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপক

## শ্রী আনিছ উজ জামান

জনপ্রিয় অসমিয়া কবি আনিস উজ জামান-এর জন্ম শিবসাগর জেলার অন্তর্গত বামুনবাড়ি গ্রামে, ১৯৪৭ সালের ৩ ফেব্রুয়ারি। তাঁর পিতামাতা প্রয়াত দাউদ শ্বাহ আর প্রয়াত বদিরা খাটুন। শ্রীজামান ১৯৭১ সালে গুয়াহাটি বিশ্ববিদ্যালয় থেকে অসমিয়া ভাষা-সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। প্রায় এগারো বছর মির্জা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা করার পর অসম লোক সেবা আয়োগ-এর সদস্যপদ অলংকৃত করেন। তিনি বেশ কয়েকটি কাব্যসংকলন ও গদ্যগ্রন্থের রচয়িতা। এ ছাড়াও তাঁর কবিতা ও গীতের দুটো শ্রাব্য ক্যাসেট রয়েছে।

তাঁর কবিতা বাংলা, হিন্দি, ওড়িয়া, তামিল ছাড়াও ইংরেজি, ফরাসি ও স্প্যানিশ ভাষায় অনূদিত হয়েছে। বাংলা ভাষায় অনূদিত তাঁর কবিতা-সংকলনটির নাম 'আনিস উজ জামানের কবিতা'। অসমিয়া কবিতার বইগুলির মধ্যে বিশেষ উল্লেখযোগ্য 'অজ্ঞাতে', 'গধূলি', 'সেউজিয়া জোন', 'এই বাটেদিয়েই দোকমোকালি', 'নৈখন কলৈ গৈছে তুমিও নেজানা মইও নেজানো', 'নির্বাচিত কবিতা' (এটি ডিব্ৰুগড় বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে পাঠ্য)। এ ছাড়া রয়েছে জাপানি হাইকুর অনুবাদ 'ধুমুহাৰ পাছত' এবং হিন্দিতে অনূদিত 'হরা চান্দ'।

সৃষ্টিশীল রচনা ছাড়াও তিনি যেসব গ্রন্থ সম্পাদনা করেছেন তার মধ্যে রয়েছে 'জনচেতনার কবি রাম গগৈ', 'অমূল্য বরুয়া দৃষ্টি আরু দর্শন', 'শব্দহীন বর্ণমালা', 'প্রজ্ঞা সিন্ধু কবি মফিজুদ্দিন' (এটি গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে পাঠ্য), 'সাত

সমুদ্রত শংখ বাজিছেনে নাই', জ্ঞানপীঠ পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট কবি নীলমণি ফুকন সম্পর্কিত রচনা। রাজীব বরার সঙ্গে যুগ্মভাবে সম্পাদনা করেছেন পার্বতীপ্রসাদ বরুয়ার বিষয়ে 'খেল ভঙা খেল' এবং বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ও অভিনেতা প্রমথেশ বরুয়া সম্পর্কে 'রাজহাউলির পরা ছবিগৃহলৈ'। এর বাইরে রয়েছে ছোটদের জন্য পাঁচটি গ্রন্থ।

তাঁর কবিতা সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিশিষ্ট সাহিত্যিক ও সমালোচক হীরেন গোহাঁই বলেছেন, নিতান্ত ঘরোয়া ভাষা আর পরিচিত পরিবেশ থেকে গড়া চিত্রকল্প দিয়ে আনিছ উজ জামান তাঁর কবিতায় প্রাণসঞ্চার করেছেন। সাধারণ শব্দগুলোও হয়েছে ইঙ্গিতমুখর ও বাঙ্কয়। তিনি বেশকয়েকটা অবিস্মরণীয় সার্থক কবিতা উপহার দিয়েছেন। তাঁর কবিতা আধুনিক অসমিয়া কাব্য-পরম্পরা থেকে বিচ্ছিন্ন নয়, তা সত্ত্বেও এক স্পষ্ট, অনন্য নতুন ধারার জন্ম দিয়েছে।

'অসম সাহিত্য সভা'-র আজীবন সদস্য আনিছ উজ জামান সারা অসম কবি সম্মেলনের প্রাক্তন সভাপতি। তিনি বর্তমানে গুয়াহাটির স্থায়ী বাসিন্দা এবং ইতিমধ্যে যেসব পুরস্কার ও সম্মানে ভূষিত তার মধ্যে রয়েছে 'সাহিত্য জ্যোতি', 'কাব্য হৃদয়', 'একুশে সম্মান', 'কবি অনুপম কুমার অনুবাদ পুরস্কার', 'ড. ধুবজ্যোতি বরা সাহিত্য পুরস্কার' এবং মেঘালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রদত্ত 'রাইটার্স এক্সেলেন্স অ্যাওয়ার্ড'।